Amit Kundu.
22/11/2019

FOR GOD AND COUNTRY

# ST. LAWRENCE HIGH SCHOOL

## Annual Examination (Model Answer)

Sub: BENGALI GRAMMAR & COMP. Class: 8A/8B/8C/8D F. M. 80

Duration: 2 HOURS 30 MINUTES Date: 20.11.2019

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ ঃ- (১x৫=৫)

১.১ ক্রিয়ার মূল অংশকে বলে —
(ঘ) ধাতু

১.২ বহুব্রীহি সমাস হল —
(ক) বর্ণনামূলক সমাস

১.৩ একটি বাক্যে কয়টি অংশ থাকে?
(ক) দুই

১.৪ যে চালাক সেই চতুর — এই ব্যাসবাক্যটি হল —
(ক) কর্মধারয় সমাসের

১.৫ 'উপসর্গ' হল —
(ঘ) অব্যয়

২। প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (১x১০=১০)

২.১ অর্থ অনুসারে বাক্যকে কয়টি শ্রেণীতে ভাগ করা হয়?
উত্তর ঃ সাত

২.২ যে ছেলেটিকে তুমি দেখেছ। 'দেখেছ' কোন্ ক্রিয়াপদ?
উত্তর ঃ অসমাপিকা

২.৩ লোকটি দরিদ্র কিন্তু সৎ। বাক্যটি কোন্ শ্রেণীর?
উত্তর ঃ যৌগিক

২.৪ হাঁস মাটিতে সাঁতার দিচ্ছে — এটি একটি যোগ্যতাহীন বাক্য। (সত্য বা মিথ্যা তা লেখ)
উত্তর ঃ সত্য

২.৫ 'উপগ্রহ' শব্দটির ব্যাসবাক্য লেখ।
উত্তর ঃ ক্ষুদ্র গ্রহ - অব্যয়ীভাব

২.৬ দ্বারা, থেকে অনুসর্গ দুটি দিয়ে দুটি পৃথক বাক্য রচনা কর।
উত্তর ঃ আমি কলম দ্বারা লিখি।
গাছ থেকে ফল পড়ে।

২.৭ ব্যাসবাক্য রচনা কর ঃ- ত্রিলোচন, বিলাত ফেরত, আজন্ম
উত্তর ঃ ত্রি (তিন) লোচনের সমাহার
বিলাত থেকে ফেরত
জন্ম পর্যন্ত

## বিভাগ - খ

৩। **প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ-** **(২x৫=১০)**

৩.১ সৃজ + তা = ?, রঘু + ষ্ণ = ?
উত্তর ঃ সৃজ + তা = স্রষ্টা।
রঘু + ষ্ণ = রাঘব।

৩.২ সত্য কথা বলায় বাবা আমাকে ক্ষমা করলেন। — এটি কোন বাক্য?
উত্তর ঃ সরল বাক্য।

৩.৩ সঠিক বাক্য রচনার জন্য কয়টি বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে? একটি উদ্দেশ্য প্রসারক বাক্যের উদাহরণ দাও।
উত্তর ঃ দুটি বিষয়ের উপর। সত্যবাদী পিতৃভক্ত রাম বনে গেলেন।

৩.৪ অনু, পরা, হাফ উপসর্গগুলি দিয়ে তিনটি শব্দ গঠন করো।
উত্তর ঃ অনুসরণ, পরাজয়, হাফ টিকিট।

৩.৫ ব্যাসবাক্য লেখো ঃ- কুসুমকোমল, থানা-পুলিশ।
উত্তর ঃ কুসুমকোমল — কুসুমের ন্যায় কোমল।
থানা-পুলিশ — থানা ও পুলিশ।

৪। **প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (যে কোনো পাঁচটি)** **(৩x৫=১৫)**

৪.১ 'দ্বিগু' শব্দের অর্থ কি? পূর্বপদ ও পরপদ উভয়ই বিশেষণ পদ এমন একটি কর্মধারয় সমাসের ব্যাসবাক্যে উদাহরণ দাও।
উত্তর ঃ দুই 'গো' বা গরুর সমষ্টি। যে <u>চালাক</u> সেই <u>চতুর</u>।

৪.২ প্রত্যয় নিষ্পন্ন শব্দ কাকে বলে? উদাহরণ দাও।
উত্তর ঃ প্রত্যয়যুক্ত শব্দকে বলা হয়। কেরাণীগিরি = কেরাণী + গিরি

৪.৩ জটিল বাক্যের আরেক নাম কি? বাক্যে একটি উদাহরণ দাও।
উত্তর ঃ মিশ্র বাক্য। যে ছেলেটিকে তুমি দেখেছ, সে আমার ভাই।

৪.৪ আমরা আমাদের মনের ভাব কয়টি রীতিতে লিখে প্রকাশ করি? 'গুরুচণ্ডালী দোষ' বলতে কি বোঝায়?
উত্তর ঃ দুটি, সাধু ও চলিত। সাধু ও চলিতের মিশ্রণকে বলে।

৪.৫ 'তব্য', 'অনীয়', 'পনা' প্রত্যয় সহযোগে তিনটি শব্দ গঠন করে সেগুলি দিয়ে তিনটি পৃথক বাক্য লেখো।
উত্তর ঃ কর্তব্য — আমি আমার কর্তব্য করেছি।
পূজনীয় — তিনি আমার পূজনীয়।
মেয়েলিপনা — তোমার এমন মেয়েলিপনা দেখলে হাসি পায়।

৪.৬ পদ কাকে বলে? শব্দ ও পদের মধ্যে পার্থক্য কি?
উত্তর ঃ বিভক্তিযুক্ত পদ। মুখনিঃসৃত অর্থযুক্ত ধ্বনি সমষ্টি হল শব্দ এবং বিভক্তিযুক্ত শব্দ হল পদ।

৪.৭ আশ্রয়মূলক সমাস কয়টি? 'ডাকমাশুল' ও 'শতাব্দী' শব্দ দুটির ব্যাসবাক্য লেখো।
উত্তর ঃ তিনটি। ডাকমাশুল — ডাকের নিমিত্ত মাশুল। শতাব্দী - শত অব্দের সমাহার।

## বিভাগ - গ

**৫। প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ- (যে কোনো দুটি) (৫x২=১০)**

৫.১ সমাস কাকে বলে? দ্বিগু, কর্মধারয়, দ্বন্দ্ব সমাসের তিনটি দৃষ্টান্ত দাও।

- পারস্পরিক সম্পর্কযুক্ত দুই বা তার বেশি শব্দকে জুড়ে বড় শব্দ সৃষ্টি করাকে সমাস বলে।
  দ্বিগু ঃ পঞ্চবটী — পঞ্চবটের সমাহার।
  কর্মধারয় ঃ কাঁচামিঠে — কাঁচা অথচ মিঠে
  দ্বন্দ্ব ঃ হাট বাজার — হাট ও বাজার।

৫.২ গঠন প্রণালী অনুযায়ী বাক্য কয় প্রকার ও কি কি? প্রতিটি বাক্যের একটি করে উদাহরণসহ আলোচনা কর।

- তিন প্রকার। সরল, জটিল, যৌগিক।
- ১। রাম ফুটবল খেলছে — সরল।
  ২। যে গাড়ি চলছে তাতে উঠতে যেও না — জটিল।
  ৩। শ্যাম নৌকা চড়ছে এবং মধু ঘুমোচ্ছে।

৫.৩ ভাষা কি? সাধু ও চলিত ভাষা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

- মানুষের মুখনিঃসৃত অর্থযুক্ত শব্দ সমষ্টি যা তার মনের ভাবকে প্রকাশ করে।
- বাংলা ভাষার দুটি রীতি — চলিত ভাষা ও সাধু ভাষা। এই দুটি রীতি সম্পর্কে আলোচনা করতে হবে। একটি মুখের ভাষা অন্যটি লেখার ভাষা ছিল প্রথমে। পরে দুই ভাষাতেই লেখা সম্ভব হয়েছে।

**৬। চিঠি লেখো ঃ- (যে কোনো একটি) (১x১৪=১৪)**

- চিঠির নমুনা অনুযায়ী বা রীতি অনুযায়ী বিষয়কে আশ্রয় করে লিখবে।

**৭। যে কোনো একটি প্রবন্ধ লেখো ঃ- (৩০০ শব্দে) (১x১৬=১৬)**

- ভূমিকা ও উপসংহারসহ লিখবে।
- বিষয় অনুযায়ী অনুচ্ছেদ বিভাজন করে লিখবে।

***************